মেহেরপুরে রাজনগর ইউপি সদস্য অসহায়দের মাঝে ১২শ কম্বল বিতরন

মেহেরপুর সদর উপজেলার রাজনগর গ্রামের উপজেলা আওয়ামীলীগের সদস্য ইউপি সদস্য আরমান আলীর ব্যক্তিগত উদ্যোগে ১২শ শীতার্ত অসহায়দের মাঝে কম্বল বিতরণ করা হয়েছে।

শুক্রবার সকালে রাজনগর দাখিল মাদ্রাসা প্রাঙ্গণে কম্বল বিতরণ করেন ইউপি সদস্য আরমান আলী

এ সময় তিনি বলেন, প্রতিবছরের ন্যায় এবারও ১ হাজার ২ শ দুঃখী মানুষের পাশে দাঁড়াতে পেরে নিজেকে গৌরবান্বিত মনে করছি। তিনি বলেন সমাজের বিত্তবানরা ভালো কাজে আমার মতো এগিয়ে আসতে পারেন। সারা দেশের তীব্র শীতে অসহায় অনেক মানুষ কষ্ট করছে। শীতার্তদের শীতের হাত থেকে রক্ষা করতে আজ ১২শত দরিদ্র-বৃদ্ধ, নারীদেরকে শীতের কম্বল বিতরণ করেছি। জাতির পিতার সোনার বাংলা ও জননেত্রী শেখ হাসিনার দারিদ্র ও ক্ষুদামুক্ত বাংলাদেশ গড়তে হলে জনপ্রতিনিধিদের যার যার অবস্থান থেকে অসহায়দের পাশে দাড়াতে হবে। তাই সফল প্রধানমন্ত্রী শেখ হাসিনার জনকল্যাণমূলক কাজের অগ্রযাত্রাকে এগিয়ে নিতে স্থানীয় জনগণের পাশে রয়েছি।

এসময় তিনি আরও বলেন, শীতার্তদের শীত বস্ত্র বিতরণ অব্যাহত থাকবে। বারাদি ইউনিয়নের বিভিন্ন স্থানে পর্যায়ক্রমে আরও শীতবস্ত্র বিতরণ করা হবে।
এসময় নবগঠিত বারাদি ইউনিয়নের বর্শিবাড়িয়া, পটাপোকা, হাসনাবাদ, মোমিনপুর, কলাইডাঙ্গা বারাদি গ্রাম, পাটকেলপোতা, সিংহাটি, শিমুলতলা, দরবেশপুর, জুগিন্দা শেখপাড়া, কলোনী, রাজনগর গ্রামসহ প্রতিটি গ্রামে অসহায় শীতার্তদের মাঝে ১২শত কম্বল বিতরন করেন ইউপি সদস্য আরমান আলী।

এসময় সদর উপজেলা পিরোজপুর ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শামিম ফেরদৌস, সহসভাপতি আব্দুল কুদ্দুস, মেহেরপুর জেলা ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়নের সাবেক সম্পাদক ও ওয়ার্ড আওয়ামীলীগের সাধারন সম্পাদক খাকছার আলী, ওয়ার্ড যুবলীগের সদস্য ফারম্নক হোসেন, আওয়ামীলীগ নেতা কাউছার আলী, কালু মিয়াসহ আওয়ামীলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

চেয়ারম্যান প্রার্থী টনিক বিশ্বাসের গণ সংযোগ

নব গঠিত বারাদী ইউনিয়নের সম্ভাব্য চেয়ারম্যান প্রার্থী টনিক বিশ্বাস গণ সংযোগ করেছে। এ উপলক্ষে শুক্রবার বারাদীতে স্থানীয় নেতাকর্মীদের নিয়ে মধ্যান্ম ভোজের আয়োজন করা হয়। ক্ষমতাসীন আওয়ামীলীগ থেকে আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে নৌকার মনোনয়ন প্রত্যাশী টনিক বিশ্বাস।

গণ সংযোগ কালে টনিক বিশ্বাস বলেন, নতুন ইউনিয়ন হিসেবে বারাদীর আত্মপ্রকাশ হওয়ায় জন প্রশাসন প্রতিমন্ত্রী ও মেহেরপুর ১ আসনের সাংসদ ফরহাদ হোসেন কে ধন্যবাদ। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে নব গঠিত বারাদী ইউনিয়নে চেয়ারম্যান হিসেবে নির্বাচন করতে চাই। জনগনের উদ্দেশ্যে তিনি বলেন, আপনারা আমার পাশে থাকলে আগামী নির্বাচন দলীয় মনোনয়ন নিয়ে বিপুল ভোটে জয়লাভ করবো। এর আগে পিরোজপুর ইউনিয়নের সাথে যখন আমরা ছিলাম, সেখানেও আমি দুইবার নির্বাচন করেছি। কিন্তু জন সমর্থন আমার বেশি থাকলেও জোর করে আমাকে হারিয়ে দিয়েছিল একটি অসাধু চক্র। আসন্ন ইউনিয়ন পরিষদ নির্বাচনে প্রার্থীতা ঘোষনার পর আমার নেতাকর্মীদের উপর নির্যাতন চালাচ্ছে আওয়ামীলীগেরই একটি পক্ষ। বিভিন্ন সময় আমাদের নির্বাচনি প্রচারণা বাঁধা দেওয়া হচ্ছে। আপনারা জানেন আসন্ন নির্বাচনে আমার ব্যাপক জন সমর্থন আছে। এসময় বারাদী ইউনিয়নের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় আন্তর্জাতিক

অভিবাসী দিবস পালিত

মুজিববর্ষের আহবান,দক্ষ হয়ে বিদেশ যান” এ প্রতিপাদ্য নিয়ে আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের আয়োজনে আন্তর্জাতিক অভিবাসী দিবস ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

শুক্রবার সকাল ১০টার দিকে জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

আন্তর্জাতিক অভিবাসী দিবস ও আলোচনা সভায় উপজেলা নির্বাহি অফিসার লিটন আলির সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান আয়ুব হোসেন, বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান খন্দকার সালমুন আহমেদ ডন, উপজেলা সহকারী কমিশনার ভুমি হুমায়ন কবির, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা আফাজ উদ্দীন, আলমডাঙ্গার উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার আঃ বারী, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি খন্দকার শাহ আলম মন্টু, আলমডাঙ্গা বণিক সমিতির সভাপতি মিলন মিয়া, আলমডাঙ্গা থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা ওসি আলমঙ্গীর কবির প্রমূখ।

কুষ্টিয়ার কুমারখালীতে বাঘা যতীনের ভাস্কর্য ভাঙচুর

কুষ্টিয়ার কুমারখালী উপজেলার কয়া মহাবিদ্যালয়ে স্থাপিত বিপ্লবী বাঘা যতীনের ভাস্কর্য ভাঙচুর করেছে দুর্বৃত্তরা।

শুক্রবার ভোর রাতের কোন একসময়ে এ ঘটনা ঘটে।

ঘটনার পর সকালে ভাষ্কর্য ভাংচুরের স্থানে পরিদর্শন করেন কুমারখালী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) রাজিবুল ইসলাম খান।

প্রসঙ্গত, মাত্র ৩৬ বছর বয়সে ১৯১৫ সালের ১০ সেপ্টেম্বর ইংরেজ বাহিনীর সঙ্গে সম্মুখযুদ্ধে নিহত হন বিপ্লবী বাঘা যতীন।

ব্রিটিশ ভারতে বাঙালিসহ ভারতবর্ষের সব জাতিসত্তার স্বাধীনতার সংগ্রাম ছিল এক সূত্রে গাঁথা। প্রধান লক্ষ্য ছিল ইংরেজদের বিতাড়ন করা। আর ইংরেজ ঔপনিবেশিক শাসকদের বিরুদ্ধে যারা স্বাধীনতার জন্য সশস্ত্র সংগ্রাম করেছেন, যাদের আত্মদান ইংরেজ শাসকদের বুকে কাঁপন ধরিয়েছে, তাদের অন্যতম বিপ্লবী যতীন্দ্রনাথ মুখোপাধ্যায়। যিনি ‘বাঘা যতীন’ নামে বেশি পরিচিত। দেশমাতৃকার প্রতি গভীর ভালোবাসা ও দায়বদ্ধতা, অপরিসীম সাহস ও শৌর্যবীর্য তাকে অগ্নিযুগের বিপ্লবীদের প্রথম সারিতে স্থান দিয়েছে।

কোটচাঁদপুরে গাছ থেকে পড়ে নির্মাণ শ্রমিকের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে শুকনা ডাল কাটতে গিয়ে কড়ই গাছ থেকে পড়ে বিদ্যুত হোসেন (২২) নামে এক নির্মাণ শ্রমিকের মৃত্যু হয়েছে। শুক্রবার সকাল ১০ টার দিকে পৌর শহরের নওদাগা গ্রামের দফাদার পাড়ায় এ দুর্ঘটনা ঘটে। মৃত বিদ্যুত হোসেন ওই গ্রামের মাইনুদ্দীন দফাদারের ছেলে।

স্থানীয় পৌর কাউন্সিলর রকিব উদ্দীন জানান, সকালে নওদাগা গ্রামের শুকুর আলী নায়েবের কড়ই গাছের শুকনা ডাল কাটতে গাছে উঠে বিদ্যুত। এসময় বিদ্যুতের বাবা-মা গাছের নিচেই দাড়িয়ে ছিলেন। গাছের শুকনা ডাল কাটার সময় অসাবধানতায় পা পিছলে নিচে পড়ে যায়। দ্রুত তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জরুরী বিভাগে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন। কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ (ওসি) মাহবুবুল আলম জানান, ঘটনাটি শুনেছি। এঘটনায় পরিবারের পক্ষ থেকে কোন অভিযোগ দেয়নি।

দামুড়হুদায় অবৈধভাবে মাটি উত্তোলনের অভিযোগে ৫০ হাজার টাকা জরিমানা

দামুড়হুদার লোকনাথপুর বেলের মাঠে অবৈধভাবে মাটি কেটে বিক্রির অপরাধে দুজনকে ৫০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত। ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) ও নির্বহী এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মহিউদ্দিন।

জানা গেছে, গতকাল বৃহস্পতিবার দুপুরে জরিমানা করেন ভ্রাম্যমাণ আদালতের বিচারক। আদালতের অভিযুক্তরা হলেন দামুড়হুদা উপজেলার লোকনাথপুর গ্রামের হারুন অর রশিদের ছেলে হাফিজ উদ্দিন ও একই গ্রামের মৃত ইমান আলির ছেলে রিয়াজ উদ্দিন। ভ্রাম্যমাণ আদালত সূত্রে জানা যায়, দামুড়হুদার হাউলী ইউনিয়নের লোকনাথপুর বেলেমাঠে সরকারি নির্দেশ অমান্য করে জমির মালিক লোকনাথপুর গ্রামের হাফিজ উদ্দিন ও রিয়াজ উদ্দিন অবৈধভাবে মাটি উত্তোলন করে সরকারি রাস্তা নষ্ট করে বিভিন্ন ইট ভাটায় বিক্রি করে আসছিলো।

একাধিক অভিযোগের প্রেক্ষিতে দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সরজমিনে উপস্থিত হয়ে অভিযোগের সত্যতা পেলে জমির মালিক হাফিজ উদ্দিন ও রিয়াজ উদ্দিনকে বালু মহল ও মাটি ব্যবস্থাপনা আইন ২০১০ সালের ৪ধারা ভঙ্গের দায়ে ১৫ধারা মোতাবেক ৫০হাজার টাকা জরিমানা আদায় করেন।

আদালত পরিচালনায় সহযোগিতা করেন উপজেলা নির্বাহী অফিসের সার্টিফিকেট সহকারী জিহন আলি, দামুড়হুদা মডেল থানার এএসআই সাঈদ প্রমুখ।

ঝিনাইদহে শিশু ইমরানের পাশে ‘সংশপ্তক’ পরিবার

গতকাল ঝিনাইদহ সদর উপজেলার চণ্ডিপুর গ্রামের দিঘীরপাড় এলাকায় ১৩ মাস বয়সের শিশু ইমরানের শরীরের ২০ শতাংশ গরম পানিতে ঝলসিয়ে যায়। খবর পেয়ে ‘সংশপ্তকে’র দিঘীরপাড় প্রতিনিধি ও স্বাস্থ্য বিষয়ক সম্পাদক কাওছার আলী ছুটে যায় সেখানে।

শিশু ইমরানের বাবা মোঃ শরিফুল ইসলাম পেশায় মসজিদের খাদেম, অল্প কিছু মাইনে পান। সংসার চালাতে যেখানে তার হিমশিম খেতে হয়, সেখানে বাচ্চা শিশুর চিকিৎসা করানো দুঃসাধ্য ব্যাপার। তার পরেও ধার দেনা করে ঢাকা মেডিক্যাল কলেজ হাসপাতালের বার্ন ইউনিটে চিকিৎসার জন্য নিয়ে যান। এর আগেও তার একটি বাচ্চা পানিতে ডুবে মারা যায়।

সংশপ্তকের প্রবাসী, চাকরিজীবী ও যুব সমাজের সার্বিক প্রচেষ্টায় ছোট্ট শিশু ইমরান হোসেনের বাবার হাতে ২৫০০০/-(পঁচিশ হাজার) টাকার চেক তুলে দেন ‘সংশপ্তক’ এর সাধারণ সম্পাদক মোঃ ইসমাইল সরকার।

এছাড়াও শিশুটির চিকিৎসার দায়িত্ব নেয় সংশপ্তক’। এভাবেই মানবতার সেবায় কাজ করে যাচ্ছে ঝিনাইদহ সদর উপজেলার ৬ নং গান্না ইউনিয়নের সংগঠন ‘সংশপ্তক’। এছাড়াও বিজয় দিবস উপলক্ষে র্যালী, আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করেন ‘সংশপ্তক’ পরিবার।

মুজিবনগরে ইমামদের সাথে ইউএন’র মতবিনিময়

মুজিবনগর উপজেলা পরিষদের উদ্যোগে মুজিবনগর উপজেলা পরিষদ মিলনায়তনে উপজেলার বিভিন্ন মসজিদের ইমামদের সাথে বাংলাদেশের সংবিধান সমুন্নত রাখাসহ মাদক ও বাল্যবিবাহ রোধে মতবিনিময় সভার আয়োজন করা হয়।

গতকাল বৃহস্পতিবার দুপুরে মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন মুজিবনগর থানার অফিসার ইনচার্জ (তদন্ত) শরিফুল ইসলাম, ইসলামি ফাউন্ডেশনের ফিল্ড সুপারভাইজারসহ মুজিবনগর উপজেলার বিভিন্ন মসজিদের ইমামগণ।

ঝিনাইদহে মনিপীরের ৪১তম মৃত্যুবার্ষিকী পালিত

বাংলাদেশ কৃষক সংগ্রাম সমিতি কেন্দ্রীয় কমিটির কৃষকনেতা শেখ মাহমুদুল হক মনিপীরের ৪১তম মৃত্যুবার্ষিকী পালিত হয়েছে। গতকাল ১৭ ডিসেম্বর বৃহস্পতিবার সকাল ১০ টায় ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার গোপালপুর গ্রামে তার সমাধিতে পুষ্পমাল্য অর্পণ, প্রয়াত নেতার স্মৃতির প্রতি গভীর শ্রদ্ধা জানিয়ে এক মিনিট নিরবতা পালন করা হয়। এরপর নেতার কর্মময় জীবন সংগ্রামের এক সংক্ষিপ্ত স্মৃতিচারণ মূলক স্মরণসভা অনুষ্ঠিত হয়।

সংগঠনের কেন্দ্রীয় সহ-সভাপতি সাখাওয়াত হোসেনের সভাপতিত্বে স্মরণসভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন জাতীয় গণতান্ত্রিক ফ্রন্টের কেন্দ্রীয় সহ-সভাপতি তোজাম্মেল হোসেন। প্রধান অতিথি তার বক্তব্যে কৃষকনেতা মণিপীরের কর্মময় সংগ্রামী জীবনের ওপর আলোকপাত করে তা থেকে শিক্ষা নিয়ে কৃষক ও কৃষির সমস্যা সমাধানে সর্বস্তরের কৃষক-জনতাকে ঐক্যবদ্ধ হওয়ার আহ্বান জানান। তিনি আরও বলেন, দেশের কৃষক নানাবিধ সমস্যায় জর্জরিত। বলতে গেলে এখনও দেশের কৃষক প্রকৃতির উপর নির্ভরশীল হয়েই তাদের কৃষিকাজ চালিয়ে যাচ্ছে।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ কৃষক সংগ্রাম সমিতির কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক কামরুল হক লিকু ও প্রয়াত কৃষকনেতার সহকর্মী ইসহাক প্রমুখ।
বক্তারা বলেন, কৃষি জমি ধ্বংস রোধ, খাস জমি ভূমিহীন গরিব কৃষকদের মাঝে বণ্টনসহ ৭ দফা দাবিতে আন্দোলন গড়ে তোলার বিকল্প নাই। সামগ্রিক সঙ্কটময় মুহূর্তে খাদ্য নিরাপত্তা ও কর্মসংস্থান তথা জাতীয় স্বার্থে জাতীয় শিল্প বিকাশের উপযোগী নীতি এবং দক্ষ ও

স্বচ্ছতা-জবাবদিহিতাপূর্ণ ব্যবস্থাপনা নিশ্চিত করাসহ দেশের চিনিকলসহ অন্যান্য শিল্প প্রতিষ্ঠানগুলি আধুনিকায়নের মাধ্যমে জাতিকে রক্ষা করা সম্ভব।

সভাপতি তার সমাপনি বক্তব্যে বলেন, কৃষকনেতা মণিপীর সাম্রাজ্যবাদ ও তার দালালদের উচ্ছেদ করে কৃষি বিপ্লব তথা জাতীয় গণতান্ত্রিক বিপ্লবকে অগ্রসর করতে যেভাবে আমৃত্যু সংগ্রাম করেছেন তা থেকে শিক্ষা নিয়ে শ্রমিক-কৃষক-জনগণের রাষ্ট্র, সরকার ও সংবিধান প্রতিষ্ঠার সংগ্রামে সকলকে শামিল হওয়ার আহ্বান জানান।

মেহেরপুরে ১৫ মোটরসাইকেল চালকের জরিমানা

মেহেরপুর ট্রাফিক বিভাগের উদ্যোগে মেহেরপুর শহরের কোর্ট এলাকায় লাইসেন্স ও হেলমেট ছাড়া মোটরসাইকেল চালানোর দায়ে ১৫ জনের কাছে থেকে জরিমানা আদায় করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বিকালের দিকে ট্রাফিক ইন্সপেক্টর জাহাঙ্গীর আলমের নেতৃত্বে মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয় এর সামনে এ অভিযান চালানো হয়। এসময় লাইসেন্স ও হেলমেটবিহীন অবস্থায় মোটরসাইকেল চালানোর অভিযোগে ১৫ জন চালককে জরিমানা করা হয়। একই সাথে ৩ টি মোটরসাইকেল আটক করা হয়েছে।

অভিযানে অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন ট্রাফিক সার্জেন্ট মোজাফফর হোসেন, বাচ্চু, প্রবিএ বিশ্বাস, টিএস আই উত্তম কুমার, মোকারম হোসেন প্রমুখ।